

## বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০১১.২৫.২০১৪

তারিখ: ২৪-১১-২০২৫

**বিষয়: জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান এর বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) (ঙ) ও (চ) উপ প্রবিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরণ;**

অভিযোগনামা

যেহেতু, সম্প্রতি একটি ভিডিও ফুটেজে প্রতিয়মান হয় যে, আপনি জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান বারি'তে চাকরি দেয়ার মিথ্যা প্রলোভন দেখিয়ে নগদ অর্থ দাবি করছেন। সেহেতু বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) (ঙ) ও (চ) উপ প্রবিধি মোতাবেক “অসদাচরণ, দুর্নীতিপরায়ণ এবং প্রতারণা” এর আওতায় পড়েছে।

১। যেহেতু সম্প্রতি ৯ মিনিট ৩৫ সেকেন্ডের একটি ভিডিও ফুটেজে দেখা যায় যে, আপনি জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান বারি কর্তৃপক্ষের নাম ব্যবহার করে বারি'তে চাকরি দেয়ার মিথ্যা প্রলোভন দেখিয়ে নগদ অর্থ দাবি করছেন।

২। যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ ও আচরণ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) (ঙ) ও (চ) উপ প্রবিধি মোতাবেক “অসদাচরণ, দুর্নীতিপরায়ণ এবং প্রতারণা” এর পর্যায়ভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ।

৩। সেহেতু, আপনি জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান-কে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) (ঙ) ও (চ) উপ প্রবিধি মোতাবেক “অসদাচরণ, দুর্নীতিপরায়ণ এবং প্রতারণা” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উল্লিখিত কারণে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (খ) (উ) উপ-প্রবিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে “বরখাস্ত” করা হবে না অথবা আপনার বিরুদ্ধে অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তার লিখিত জবাব অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো এবং আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী চান কিনা তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৪। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার একটি অভিযোগের বিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

স্বাক্ষরিত/-

(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)

মহাপরিচালক

ফোনঃ ০২-৪৯২৭০০০০

রেজি./এডিঃ

জনাব মো: মিজানুর রহমান BARI2333

ফারনেসম্যান

সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান

রেজি./এডিঃ স্থায়ী ঠিকানা-

জনাব মো: মিজানুর রহমান, পিতা-মৃতঃ আব্দুর রশিদ

গ্রামঃ চরমধুয়া, পোস্টঃ চন্দ্রকোনা

উপজেলাঃ নকলা, জেলাঃ শেরপুর।

স্মারক নং-১২.২১.০০০০.০০০.০০৫.২৭.০০১১.২৫.২০১৪

তারিখ: ২৪-১১-২০২৫

অনুলিপিঃ-

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বারি, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
- ৪। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান
- ৫। জনাব মো: মিজানুর রহমান BARI2333, ফারনেসম্যান, সরেজমিন গবেষণা বিভাগ, বারি, আর্মি পাড়া, বান্দরবান
- ৬। জনাব মো: মিজানুর রহমান, পিতা-মৃতঃ আব্দুর রশিদ, গ্রামঃ চরমধুয়া, পোস্টঃ চন্দ্রকোনা, উপজেলাঃ নকলা, জেলাঃ শেরপুর।
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৮। এসিআর সেল/কম্পিউটার সেল
- ৯। ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।

(মোঃ মিজানুর রহমান খন্দকার)  
উপ-পরিচালক (প্রশাসন)  
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬